

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬৭৫

88/ ইলম (اكتاب العلم عن رسول الله الله الله العلم عن رسول الله الله العلم الع

পরিচ্ছেদঃ হিদায়াত বা গুমরাহীর দিকে আহ্বানকারীর আহ্বান অনুসূত হলে।

باب مَا جَاءَ فِيمَنْ دَعَا إِلَى هُدًى فَاتُّبِعَ أَوْ إِلَى ضَلاَلَةٍ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَخْبَرَنَا الْمَسْعُودِيُّ، عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمْدِ اللَّهِ، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عُمَيْرٍ، عَنِ ابْنِ جَرِيرِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم "مَنْ سَنَّ سَنَّ شَنَّةَ شَرِ فَاتُبِعَ عَلَيْهَا فَلَهُ أَجْرُهُ وَمِثْلُ أُجُورِ مَنِ اتَّبَعَهُ غَيْرَ مَنْقُوصٍ مِنْ أَوْزَارِ مَنِ اتَّبَعَهُ غَيْرَ مَنْقُوصٍ مِنْ أَوْزَارِهِمْ شَيْئًا ". وَفِي الْبَابِ عَنْ حُذَيْفَةَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثُ مَنْقُوصٍ مِنْ أَوْزَارِهِمْ شَيْئًا ". وَفِي الْبَابِ عَنْ حُرَيرِ بْنِ عَبْدِ اللَّهِ عَنِ النَّبِيِّ صلى الله حَسَنٌ صَحَيِحٌ . وَقَدْ رُويِيَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ جَرِيرِ بْنِ عَبْدِ اللَّهِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوُ هَذَا . وَقَدْ رُويِيَ هَذَا الْحَدِيثُ عَنْ الْمُنْذِرِ بْنِ جَرِيرِ بْنِ جَرِيرٍ بْنِ عَبْدِ اللَّهِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَقَدْ رُويِيَ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ جَرِيرٍ بْنِ جَرِيرٍ عْنْ أَبِيهِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَقَدْ رُويِيَ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ جَرِيرٍ عَنْ أَبِيهٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَيْضًا .

বাংলা

২৬৭৫. আহমদ ইবন মানী' (রহঃ) ইবন জারীর ইবন আবদুল্লাহ্ তৎপিতা জারীর ইবন আবদুল্লাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কেউ যদি কোন ভাল কাজের প্রচলন করে আর তা অনুসৃত হয়, তবে তার কাজের ছওয়াব তো সে পাবেই উপরস্ত যারা তার অনুসরণ করেছে তাদের ছওয়াবের সমান ছওয়াবও পাবে। কিন্তু তাতে অনুসরণকারীদের ছওয়াবের মধ্যে কোন ঘাটতি হবে না। আর যদি কেউ কোন মন্দ কাজের প্রচলন ঘটায় এবং যদি তা অনুসৃত হয় তবে তার উপর নিজের গুনাহ এবং যারা তার অনুসরণ করেছেন তাদের সকলের গুনাহের দায়িত্বও বর্তাবে। কিন্তু এতে অনুসরণকারীদের নিজের গুনাহের মধ্যে কোন ঘাটতি হবে না।

সহীহ, ইবনু মাজাহ ২০৩, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৬৭৫ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে হুযায়ফা (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে। এই হাদীসটি হাসান-সহীহ। জারীর ইবন আবদুল্লাহ্ (রাঃ)



সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে একাধিক সূত্রে অনুরূপ বর্ণিত আছে।

এই হাদীসটি মুন্যির ইবন জারীর ইবন আবদুল্লাহ্ তৎপিতা জারীর ইবন আবদুল্লাহ্ (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে এবং উবায়দুল্লাহ্ ইবন জারীর তৎপিতা জারীর (রাঃ) সূত্রেও নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে।

English

Narrated Ibn Jarir bin 'Abdullah:

from his father that the Messenger of Allah () said: "Whoever starts a good tradition which is followed, then for him is a reward, and the likes of their rewards of whoever follows him, there being nothing diminished from their rewards. And whoever starts a bad tradition which is followed, then for him is the sin, and the likes of the sins of whoever follows him, there being nothing diminished from their sins."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন